

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

১১: আপনার দ্বীন কোন্টি?

আমার দ্বীন হচ্ছে, ইসলাম।

আর 'ইসলাম'-এর অর্থ হচ্ছে, তাওহীদ প্রতিষ্ঠার মাধ্যমে আল্লাহ্র নিকট আত্মসমর্পণ করা, আনুগত্যের মাধ্যমে তাঁর নিকট নত হওয়া এবং শির্ক ও শির্কপন্থীদের থেকে নিজেকে মুক্ত করা। যেমন আল্লাহ বলেন,

﴿ إِنَّ ٱلدِّينَ عِندَ ٱللَّهِ ٱلكَاإِسكَلُمُ ۗ وَمَا ٱخْلَلُفَ ٱلَّذِينَ أُوتُواْ ٱلكَكِتُبَ إِلَّا مِن المَعدِ مَا جَآءَهُمُ ٱلكَعِلامُ بَعْلَاهُ بَعْلَاقُهُ بَعْلَاهُ بَعْلِكُ بَعْلَاهُ بَعْلِكُ بَعْلِكُ بَعْلِكُ بَعْلِكُ بَعْلِكُ فَالْعُلُولُ الْعُلِكُ فَعَلَاهُ بَعْلِكُ فَالْعُلُولُ الْعُلِكُ لَا عَلَاهُ الْعُلِكُ فَالْعُلِكُ فَالْعُلِكُ فَالْعُلِكُ فَالْعُلُولُ الْعُلِكُ فَالْعُلِكُ فَا عَلَاهُ الْعُلَامُ الْعُلِكُ فَالْعُلِكُ فَالْعُلِكُ فَالْعُلِكُ لَا عَلَاهُ فَالْعُلِكُ فَالْعُلِكُ فَالْعُلُولُ الْعُلِكُ فَالْعُلُولُولُوا لَعْلِهُ الْعُلِكُ لَالْعُلُولُ الْعُلِكُ فَالْعُلُولُ الْعُلِكُ لَا عُلْمُ الْعُلِكُ فَالْعُلِكُ لَا عُلْمُ الْعُلِكُ لَالْعُلُولُ الْعُلِكُ لَالْعُلُولُ الْعُلِكُ لَالْعُلِكُ لَا عُلَالُهُ الْعُلِكُ لَا عُلْعُلُكُ الْعُلِكُ لَالْعُلِكُ لَا عُلِلْكُ لَالْعُلِكُ لَا لَا عُلْعُلُولُ الْعُلِكُ لَا عُلْمُ الْعُلْعُلُولُ الْعُلِكُ لَالْعُلَ

"নিঃসন্দেহে আল্লাহ্র নিকট একমাত্র গ্রহণযোগ্য দ্বীন হচ্ছে ইসলাম। আর যারা কিতাব প্রাপ্ত হয়েছে, তাদের নিকট প্রকৃত জ্ঞান আসার পরও শুধুমাত্র পরস্পর বিদ্বেষবশতঃ তারা মতবিরোধে লিপ্ত হয়েছে। যারা আল্লাহ্র নিদর্শনসমূহের সাথে কুফরী করে, (তাদের জানা উচিৎ যে,) নিশ্চয়ই আল্লাহ হিসাব গ্রহণে অত্যন্ত দ্রুত" (আলে ইমরান ১৯)।

অন্যত্র এরশাদ হচ্ছে,

[ال عمران: ه۸] ﴿ وَمَن يَبِالَتَغِ غَيارَ ٱلْاَإِسَالُمِ دِينًا فَلَن يُقَابَلَ مِنالَهُ وَهُوَ فِي ٱلْاَأْخِرَةِ مِنَ ٱلْالْخُسِرِينَ ه٨ ﴾ [ال عمران: ه٨] "যে ব্যক্তি ইসলাম ছাড়া অন্য কোন দ্বীন তালাশ করে, কিম্মনকালেও তা তার পক্ষ থেকে গ্রহণ করা হবে না এবং আখেরাতে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে" (আলে ইমরান ৮৫)। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«الإِسْلاَمُ أَنْ تَشْهَدَ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ وَتُقِيمَ الصَّلاَةَ وَتُوْتِيَ الزَّكَاةَ وَتَصُومَ رَمَضَانَ وَتَحُجَّ الْبَيْتَ إِن اسْتَطَعْتَ إِلَيْهِ سَبِيلً»

"ইসলাম হচ্ছে একথা সাক্ষ্য দেওয়া যে, আল্লাহ ছাড়া কোনো হক্ক মা'বৃদ নেই ও মুহাম্মাদ আল্লাহ্র রাসূল-একথার সাক্ষ্য দেওয়া, ছালাত কায়েম করা, যাকাত দেওয়া, রামাযান মাসে ছিয়াম পালন করা এবং সামর্থ্য থাকলে কা'বায় হজ্জ করা" (মুসলিম)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1496

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন